

ফল প্রকাশের আগেই চার সহস্রাধিক এসএসসি পরীক্ষার্থী বারে পড়েছে

যশোর ব্যুরো

যশোর শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের আগেই চার সহস্রাধিক ছাত্রছাত্রীর শিক্ষা জীবন স্বরে গেছে। ফল প্রকাশের পর আরও অন্তত ৩০ হাজার পরীক্ষার্থীর ছাত্রজীবন অনিশ্চিত হয়ে পড়বে বলে আশংকা করা হচ্ছে। সংশ্লিষ্ট দৃষ্ট জানায়, যশোর শিক্ষা বোর্ডের অওয়াল চমতি হাটের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১ লাখ ১৮ হাজার ১২৭ জন ছাত্রছাত্রী ফরম পূরণ করে। কিন্তু পরীক্ষায় নকল প্রতিরোধের জন্য কঠোর পদক্ষেপ গ্রহণ করায় অনেক ছাত্রছাত্রী সুবিধা করতে না পেরে পরীক্ষা শেষ হওয়ার আগেই নিজেদের ত্যাগে নেয়। যশোর কেন্দ্রে এবার এমন পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ হাজার ৫১১ জন। ইংরেজি ও গণিত পরীক্ষা ভাঙা না হওয়ায় হতাশ ছাত্রছাত্রীর পরবর্তী সময়ে আর কোন পরীক্ষায় অংশ নেয়নি। খুলনা জেলায় সবচেয়ে বেশি ৯৩৮ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত ছিল। এছাড়া যশোর ৭০৫, বাগেরহাট ৪৭৪, কুষ্টিয়া ৪৩৬, ঝিনাইদহ ৪০৩, মাগুরা ১৯৭, চুয়াডাঙ্গা ১১২, সাতক্ষীরা ৮৪, নড়াইল ৮২ ও মেহেরপুরে ৮০ জন ছাত্রছাত্রী অনুপস্থিত ছিল। যশোর বোর্ডে নকল প্রতিরোধে কড়াকড়ি আরোপ করা সত্ত্বেও কুষ্টিয়া ও বাগেরহাট জেলার বিভিন্ন কেন্দ্রে গণটোকাটুকি হয়েছে। এর মধ্যে কুষ্টিয়া থেকেই রেকর্ডসংখ্যক ৩৮৭ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। যশোর বোর্ডে বহিষ্কৃত মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬১৩ জন। যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তসদিকুর রহমান জানান, শুধু ফল প্রকাশের আগেই নয়, ফল

প্রকাশের পরও উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার্থীর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়ছে। তার মতে, প্রতিবছরই পরীক্ষায় গড়ে ৩০ থেকে ৫০ লাখ ছাত্রছাত্রী অকৃতকার্য হয়ে থাকে। অকৃতকার্য ছাত্রছাত্রীদের অধিকাংশের পক্ষেই পরবর্তী সময়ে আর মাধ্যমিকের গতি উল্লীর্ণ হওয়া সম্ভব হয় না।